2424   5000 Rs.

INDIA NON JUDICIAL

৫০০০রু.   Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

থানা - সোনারপুর ,

মৌজা - কুশমুরা ,

১,৫০,০০০ টাকার সাফ বিক্রয় কোবালা

জমি - ৭ কাঠা ।-

-- -- -- -- -- -

Stamped of 614 of L. R. Act under the India Stamp Act. 1899 Corrected upto 1974 Schedule A No 2(2)... Fees paid... 16391/-

U/R 3(8) of the W.B.(Prevention of under valuation of instruments)Rules 1994 market value assessed at Rs. 2,24,000/- and deficit stamp duty of Rs. 2700/- is payable.

Additional District Sub-Registrar Sonarpur, South 24 Pgs.

27.3.98

27/3/98.

কোবালা গ্রহীতা :-

শ্রী তাপস মুখার্জী , পিতা - শ্রী শংকর লাল মুখার্জী ,

জাতি - হিন্দু , পেশা - চাকুরী , সাং- ৪ বি, এস.আর


দাশ রোড , থানা- টালিগঞ্জ , কলিকাতা- ৭০০০২৬ ।।-

Misc. fees ...

A. D. S. R.

27.3.98.

1000Rs.






কোবালা দাতা :-

শ্রী রাজীব সরকার , পিতা - শ্রী নগেন্দ্র নাথ সরকার , জাতি- হিন্দু

পেশা - ব্যবসা , সাং- ৬ নং নিউ সাউথ পার্ক, থানা- যাদবপুর


কলিকাতা - ৭০০০৯২ ।-

---

কস্য আমার সাফ্ কোবালা দলিল মূলে খরিদা খাসে ভোগ দখলি হাল ৪ নং বিধিমতে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের খেরাজী শালি জমি জমা যায় দরবস্তু হক্ হকুক ও চলাচলের যাবতীয় ইজমেন্ট স্বত্ব: সমেত বিনা কোনও নিয়মে চিরতরে নি:স্বত্ব সাফ্ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা- দক্ষিন ২৪ পরগনা , থানা ও এ্যা, ডি, সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর

1000Rs.







পরগনা মেদনমল্ল , মৌজা - কুশুম্বা গ্রামের মধ্যে খতিয়ান ৩৬৫ তিন শত পঁয়ষট্টি নং ভুক্ত ২১৭১ একুশ শত একাত্তর নং দাগে শালি ৬০ শতক মধ্যে অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং দ্বারা পরিবেস্টিত ৪ কাঠা ১০ ছটাক জমি এবং খতিয়ান নং- ১২৮৮ বারশত অস্টাশী নং ভুক্ত ২১৭০ একুশ শত সত্তর নং দাগে শালি ১-০৫ শতক জমির মধ্যে অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং দ্বারা পরিবেস্টিত ২ কাঠা ৬ ছটাক জমি মোট অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং পরিবেস্টিত ৭ সাত কাঠা জমি জমা অত্র দলিলের বিক্রীত সম্পত্তিহইতেছে ।।

উক্ত ২১৭০ নং দাগের জমি আরো অন্যান্য জমি জমা সমেত তেঘরী নিবাসী

500Rs.






মহম্মদ সফির স্বত্ব দখলি সম্পত্তি থাকে , তিনি খাজনা আদায়ে খাসে ভোগ, দখলিকার থাকা কালে কোন প্রকার দান পত্র বা উইলাদি না করিয়া পরলোক গমন করিলে তাহার ওয়ারিশ পুত্র জয়নাল আবেদিন পৈতৃক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া খাজনা আদায়ে খাসে ভোগবান ও দখলিকার থাকা কালে ব্যবহারের সুবিধার জন্য বিগত ইং- ১২।১১।১৯৮২ তারিখে আলিপুর অফিসে রেজিস্ট্রী কৃত বুক নং- ১ , ভলুম্য নং- ৩৮৪ , পাতা ৪৫ - ৮২ নং এবং ১৪৯৫ নং বন্টন নামা মূলে বন্টন করিয়া লইয়া খাজনা আদায়ে খাসে ভোগ দখলিকার থাকেন। এবং ২১৭০ নং দাগের জমির মধ্যে পূর্বাংশে ৩৪ শতক জমি প্রাপ্ত হয়েন এবং ভোগ দখলকার থাকা কালে তিনি কোন প্রকার দান পত্র বা উইলাদি না করিয়া পরলোক গমন করিলে তাহার ওয়ারিশ একমাত্র পুত্র মহম্মদ নূরউদ্দিন ও একমাত্র কন্যা জুলেখা খাতুন বিবি পৈতৃক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া ভোগ -

Rajib Sarkar

দখলিকার থাকেন ও তাহার একমাত্র পত্নী জোবেদা বিবি প্রাপ্ত হইয়া ভোগ দখলিকার থাকা কালে সকল সরিক একত্রে বিগত ইংরাজী ৬।১১।৯০ তারিখে সোনারপুর এ্যা, ডি, সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রী কৃত ৬৮৮৯ নং সাফ্ কোবালা দলিল মূলে ১৫ নং নিউ সাউথ পার্ক নিবাসী শ্রী তপোজিৎ ভট্টাচার্য্য কে বিক্রয় করিয়া স্বত্ব ও দখলচ্যুত হয়েন । অতঃপর উক্ত শ্রী তপোজিৎ ভট্টাচার্য্য খাসে ভোগবান ও দখলিকার থাকাকালে বিগত ইং- ২৬।২।৯২ তারিখে অত্র অফিসে রেজিস্ট্রীকৃত ১০৮৫ নং সাফ্ কোবালা মূলে এবং ৫।১।৯৫ তারিখে রেজিস্ট্রীকৃত ১৪৯ নং সাফ্ কোবালা দলিল মূলে কোবালা দাতা আমাকে বিক্রয় করিয়া স্বত্ব ও দখলচ্যুত হয়েন । এবং উক্ত ২৬৭১ নং দাগের জমি কুশমুম্বা নিবাসী আমিরদ্দিন হালদারের স্বত্বঃ দখলি সম্পত্তি থাকে । বিগত ইং- ১৭।৩।১৯৩৯ তারিখে বারুইপুর সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রী কৃত বুক নং- ১ , ভল্যুম নং- ১২ , পাতা ২৮৭ - ২৯১ নং এবং ৭৪৯ নং সাফ্ কোবালা দলিল মূলে কুশমুম্বা নিবাসী এসমাইল হালদার দীগর নিকট হইতে খরিদ করিয়া খাজনা আদায়ে খাসে ভোগ দখলিকার থাকা কালে কোন প্রকার দান পত্র বা উইলাদি না করিয়া পরলোক গমন করিলে তাহার ওয়ারিশ কন্যা আনেফা বিবি পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া ভোগবতী ও দখলকারিনী থাকা কালে বিগত ইং- ৩।১।৯৫ তারিখে অত্র অফিসে রেজিস্ট্রী কৃত ৭ নং সাফ্ কোবালা দলিল মূলে ও বিগত ইং- ২১।২।৯২ তারিখে অত্র অফিসে রেজিস্ট্রী কৃত ১২৩৫ নং সাফ্ কোবালা দলিল মূলে কোবালা দাতা আমাকে বিক্রয় করিয়া স্বত্বঃ ও দখলচ্যুত

হয়েন । অতঃপর আমি অন্যের বিনা স্বত্বঃ সংস্রবে খাসে ভোগবান ও দখলিকার আছি এবং অত্র জমিতে আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বা টাইটেল আদি বিদ্যমান আছে ।।

এক্ষনে আমি অন্যত্র সম্পত্তি খরিদ করন বশতঃ আমার খরিদা জমি চিরতরে বিক্রয় করিবার জন্য ঘোষনা করিলে আপনি উচিৎ মূল্য দিয়া খরিদ করিতে সম্মত হইলে আমি অত্র জমি জমার বর্ত্তমান বাজার পরাপর উচিৎ মূল্য- ১,৫০,০০০/ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা পন লইয়া আপনাকে চিরতরে নিঃস্বত্ব বিক্রয় করিয়া অত্র নিঃস্বত্ব সাফ্ বিক্রয় কোবালা লিখিয়া দিয়া স্বীকার অঙ্গীকার ও প্রচার করিতেছি যে :-

আপনি অদ্যকার তারিখ হইতে অত্র বিক্রীত জমি জমাতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলিকার হইয়া বর্ত্তমান মালিক সরকারে আপনার নিজ নামে পত্তন করিয়া ধার্য্য খাজনাদি আদায় দিয়া পুত্র, পৌত্রাদি ভাবি ওয়ারিশান গন যায় স্থলাভিষিক্ত গনক্রমে দান, বিক্রয় আদি সর্ব্ব প্রকার হস্তান্তর করন ক্ষমতায় ও রূপান্তরের যাবতীয় ক্ষমতায় যদৃচ্ছা ভাবে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন ।।

তাহাতে আমার বা আমার ভাবি ওয়ারিশান গনের অত্র জমি জমার প্রতি কোন প্রকার দাবি দাওয়া রহিল না বা চলিবে না । যদি ভবিষ্যতে কেহ কখনও কোন প্রকার দাবি দাওয়া করি বা কেহ করে তাহা অত্র দলিল বলে সর্ব্বাদালতে অগ্রাহ্য হইবেক ।

Rajib Sarkar

আরও প্রকাশ থাকে যে , অত্র বিক্রীত জমি জমা ইহার কোনও অংশ আমি ইতি পূর্বে কোন স্থানে কোনও রকমের হস্তান্তর বা দায় সংযোগ করি নাই বা কোন সরিক বা ওয়ারিশান নাই বা কোনও আদালত কর্তৃক ক্রোক বা নিলাম হয় নাই অথবা অপর কোন স্থানে বিক্রয়ের জন্য কাহারও নিকট হইতে বায়নাদি গ্রহন করিয়া বায়না পত্র লিখিয়া দিই নাই বা গভর্নমেন্ট ও কোনও কোম্পানী কর্তৃক অধিকৃত বা এ্যাকুইজিশান হয় নাই বা কোন মামলা মোকদ্দমায় জড়িত নাই বা কোনও প্রজা পত্তন করি নাই এবং দেবত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে বা সাধারনের ব্যবহার্য্য সম্পত্তি নহে । অত্র জমি জমা সম্পূর্ন ভাবে নিদ্দার্য় নির্দ্দোষ নির্গোল এবং খাস দখল অবস্থায় আপনাকে চিরতরে নিঃস্বত্ব বিক্রয় করিলাম, এবং আপনি অফিস আদালত সার্চ্চ করিয়া অত্র সম্পত্তি খরিদ করিলেন।

যদি ভবিষ্যতে কোনও প্রকার ত্রুটি কথা প্রকাশ পাইয়া বা অপর কোন সরিক উদ্ভব হইয়া তাহাতে আপনার বা আপনার ভাবি ওয়ারিশান গনের অত্র খরিদা স্বত্ব বা দখলের কোন বিঘ্ন বা ক্ষতি হয় তাহা হইলে ঐ সকল যাবতীয় বিঘ্ন জনীত ক্ষতি পূরন করিতে আমি খাস দখল সহ মূল্যের অন্য সম্পত্তির দ্বারা বা পণের সমুদয় টাকা উপযুক্ত সুদ ও ড্যামেজ সমেত এককালিন ফেরত দিয়া ক্ষতি পূরন করিতে ওয়ারিশান গনক্রমে বাধ্য রহিলাম ও থাকিবেক ।

ভবিষ্যতে যদি অত্র দলিলের কোন অংশে ভূল ভ্রান্তি থাকা প্রকাশ পায় বা অত্র খরিদা স্বত্ব আরও দৃঢ়তার জন্য যদি দলিলের পোষকতায় অপর কোন প্রকার

Rajit Sarkar

দলিল করিবার জন্য প্রয়োজন হয় তাহা হইলে আমি বিনা পণে আপনার খরচায় পুনরায় সংশোধন দলিল ও অত্র দলিলের পোষকার্থে অপর যে কোন প্রকার পরিপোষক দলিল রেজিস্ট্রী করিয়া দিতে ওয়ারিশান গনক্রমে বাধ্য রহিলাম ও থাকিবেক ।।-

এই সকল সর্তে আমি ওয়ারিশান গনক্রমে বাধ্য হইয়া পণের লিখিত সমস্ত টাকা নিম্ন জায়মত এককালিন বুঝিয়া পাইয়া সুস্থ শরীরে সরল অন্ত: করনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র নি:স্বত্ব সাফ্ বিক্রয় কোবালা লিখিয়া দিলাম ।

ইতি তা:- বাংলা ১৪০৪ সনের - ১১ই চৈত্র

ইংরাজী ১৯৯৮ সালের - ২৫শে মার্চ

-: তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় :-

১। জেলা- দক্ষিন ২৪ পরগনা , থানা ও এ্যা, ডি, সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর , পরগনা মেদনমল্ল , মৌজা - কুশুম্বা গ্রামের মধ্যে রায়ত দখলি স্বত্ব: বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনার কালেকটার অধিনে এক জমা ভুক্ত মোট ৯৭ শতকের বার্ষিক খাজনা ২ টাকা ৮ পাই জমার মধ্যে বিক্রীত ৪ কাঠা ১০ ছটাক জমির হারাহারি খাজনা ২০ পয়সা , মূল্য- ১,১৪,০০০ টাকা , জে,এল, নং- ৫০, রে,সা, নং- ১০৮ , তৌজি নং- ২৫১ , খতিয়ান নং- ৩৬৫ তিন শত পঁয়ষট্টি ।-

২১৭১ একুশ শত একাত্তর নং দাগে শালি ৬০ শতক মধ্যে অত্র দলিল সহ ও দলিলের একাংশভুক্ত নকসায় লালরং পরিবেষ্টিত ৪ কাঠা ১০ ছটাক জমি । সরিক নাই ।

Rajib Sarkar

২। উক্ত কুশুম্বা মৌজায় ঐ সূত্র: উক্ত মালিক অধিনে এক জমা ভুক্ত মোট ১-৩২ শতকের বার্ষিক খাজনা ১৫০১ পয়সা জমার মধ্যে বিক্রীত ২ কাঠা ৬ ছটাক জমির হারাহারি বার্ষিক খাজনা ৪৬ পয়সা , মূল্য- ৩৬,০০০ , টাকা , তৌজি নং- ঐ , খতিয়ান ১২৮৮ বার শত অস্টাশী নং ।-

২১৭০ একুশ শত সত্তর নং দাগে শালি ১-০৫ শতক মধ্যে অত্র দলিল ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং পরিবেস্টিত জমির মধ্যে ২ কাঠা ৬ ছটাক জমি মাত্র । সরিক নাই ।

মোট অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং পরিবেস্টিত ৭ সাত কাঠা জমি জমা অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে । অত্র জমিতে চাষ হয়।

অত্র দলিল পাঠ করিয়া আতাকে শুনাইলাম ।-
শ্রী হীরালাল চট্টোপাধ্যায়

টাকার জায় :- বাই চেক , সিটি ব্যাংক এন. এ কলিকাতা , চেক নং- ২০৮৩৫৬
১৫।৩।১৮ তারিখে প্রাপ্ত ১,৫০,০০০ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা ।

Rajib Sarkar

মুসাবিদা কারক ।
শ্রী হীরালাল চট্টোপাধ্যায়
শ্রী হীরালাল চট্টোপাধ্যায় ,
লাইসেন্স নং- ৬।১
সোনারপুর সাবরেজিস্ট্রী অফিস ।

টাইপ কারক ।
Dilip Banerjee
সোনারপুর সাবরেজিস্ট্রী অফিস ।

ইসাদি :-
১। [illegible]
২। [illegible]

...TE PLAN OF MOUZA-KUSUMBA.
...L. NO 50 R.S. DAG NO-2170, 2171.
...S-SONARPUR DIST-24 PGS(S).
SCALE-1"=33'-0. SALE AREA
COLOUR IN RED LINE.

| PLOT NO. | 2170(P) | 2171(P) | TOTAL |
|---|---|---|---|
| A | 2K-6CH-0 | 4K-10CH-0 | 7K-0CH-0SF... |
| B | 0 | 10K-4CH-11SFT | 10K-4CH-11S... |

